যুগান্তর

JAN. 05 2002

তারিখ ........................
পৃষ্ঠা ...... কলাম ......

# মোশাররফের কারণে সার্ক সম্মেলন একদিন পেছালো : আজ শুরু

মনির হোসেন, *কাঠমান্ডু থেকে*

শেষ মুহূর্তে আবারও কালো মেঘের ছায়া পড়েছে ১১তম সার্ক শীর্ষ সম্মেলনের ওপর। গতকাল শুক্রবার সময়মতো কাঠমান্ডু আসতে পারেননি পাকিস্তানের প্রেসিডেন্ট জেনারেল পারভেজ মোশাররফ। তাই সার্কের ইতিহাসে প্রথমবারের মতো উদ্বোধনী অনুষ্ঠান স্থগিত করা হয়েছে। আজ সকাল ১০টায় শীর্ষ সম্মেলনের উদ্বোধন হবে বলে জানিয়েছেন নেপাল পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা। এর ফলে তিনদিনের সার্ক শীর্ষ সম্মেলনের সময়সীমা দুদিনে কমিয়ে আনা হয়েছে এবং সম্মেলনে দ্বিতীয় দিনের জন্য নির্ধারিত রাষ্ট্র ও সরকার প্রধানদের অবকাশ কর্মসূচি বাতিল করা হয়েছে। ঘন কুয়াশাজনিত খারাপ আবহাওয়ার কারণে চীনের সিচুয়ান প্রদেশ থেকে জেনারেল মোশাররফের বিমান কাঠমান্ডু আসতে দেরি করে। তবে স্থানীয় সময় বিকাল সোয়া ৪টায় তিনি কাঠমান্ডু পৌছেন। কাঠমান্ডুর ত্রিভুবন বিমানবন্দর থেকে তার সরাসরি চলে যাওয়ার কথা ছিল সম্মেলন কেন্দ্রে। কিন্তু অনুষ্ঠান বাতিল হওয়ায় তিনি যান তার হোটেলে। ভারতের আকাশসীমা দিয়ে পাকিস্তানি বিমান উড়া নিষিদ্ধ থাকায় ভারতীয় আকাশসীমা এড়াতে জেনারেল মোশাররফ চীন হয়ে কাঠমান্ডু যান। এদিকে জেনারেল মোশাররফের দেরিতে পৌছানোর ঘটনা নিয়ে দিনভর বিভিন্ন গুঞ্জন হয়েছে। প্রথমে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান হওয়ার কথা ছিল সকালে। বাংলাদেশের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং পাকিস্তানি প্রেসিডেন্ট পারভেজ মোশাররফ শুক্রবার সকালে কাঠমান্ডু আসার কথা জানালে উদ্বোধনী অনুষ্ঠান পিছিয়ে নেয়া হয় বেলা আড়াইটায়। পাকিস্তানি প্রেসিডেন্ট চীন হয়ে দুপুর নাগাদ কাঠমান্ডু পৌছানোর কথা ছিল, বাংলাদেশের প্রধানমন্ত্রী বেগম খালেদা

সার্ক : পৃষ্ঠা : ১৩ কলাম : ২



গতকাল কাঠমান্ডুর রাজপ্রাসাদে নৈশভোজে যোগদানের আগে সার্কভুক্ত সাত জাতির নেতৃবৃন্দ : (বাঁ থেকে) সস্ত্রীক ভুটানের রাজা জিগমে সিংগে ওয়াংচুক, সস্ত্রীক পাকিস্তানের প্রেসিডেন্ট পারভেজ মোশাররফ, শ্রীলংকার প্রেসিডেন্ট চন্দ্রিকা কুমারাতুঙ্গা, নেপালের রাজা জ্ঞানেন্দ্র ও রানী, সস্ত্রীক মালদ্বীপের প্রেসিডেন্ট মামুন আবদুল গাইয়ুম, ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারি বাজপেয়ি, বাংলাদেশের প্রধানমন্ত্রী বে খালেদা জিয়া ও স্বাগতিক নেপালের প্রধানমন্ত্রী শের বাহাদুর দিউবা

— এএ